বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃdgmlad1@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২২-২০২৩/৯৬৫(১২৫০) তারিখঃ ১২/১০/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখ ২৫ আগস্ট, ২০২২ এর প্রেক্ষিতে অত্র ব্যাংক হতে বিগত ৩০/০৮/২০২২ তারিখে সার্কুলার লেটার নং-৫৭৪(১২৫০) জারি করা হয়েছে। উক্ত সার্কুলার লেটারের ধারাবাহিকতায় আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে ০৩/১০/২০২২ তারিখের ৫৭৭৮ নং পত্র মূলে অত্র ব্যাংকের অনুকূলে গম ও ভুট্টা উৎপাদন খাতে ঋণ বিতরণের জন্য ঘোষিত ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ১০০.০০(এক শত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দকৃত ১০০.০০ (এক শত) কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বণ্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (৩০ জুন '২০২৩ এর মধ্যে বিতরণযোগ্য)
০১.	ঢাকা	১০.০০
০২.	ময়মনসিংহ	১০.০০
০৩.	চট্টগ্রাম	৩.০০
০৪.	খুলনা	১৫.০০
০৫.	বরিশাল	১.০০
০৬.	সিলেট	২.০০
০৭.	কুমিল্লা	১৪.০০
০৮.	ফরিদপুর	১০.০০
০৯.	কুষ্টিয়া	৩৫.০০
	মোটঃ	**১০০.০০**

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহের মধ্যে বণ্টন করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বণ্টন করবেন। বণ্টনকৃত লক্ষ্যমাত্রা একীভূত করে বিভাগীয় কার্যালয় সমূহ আগামী ১৫/১০/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে। ঋণ বিতরণের সময়ে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে ঃ

ক) নিজস্ব নেটওয়ার্কের মাধ্যমে সরাসরি কৃষক পর্যায়ে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;

খ) কৃষক/গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফা হার হবে সর্বোচ্চ ৪% (সরল হারে);

গ) ঋণের মেয়াদ সর্বোচ্চ ৮ (আট) মাস তবে ভূট্টা (খরিফ) এর ক্ষেত্রে সর্বোচ্চ মেয়াদ ৬ (ছয়) মাস;

ঘ) গম ও ভুট্টা চাষের উপযাগী অঞ্চলসমূহে এ স্কিমের আওতায় ঋণ বিতরণে অগ্রাধিকার প্রদান করতে হবে। কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় উল্লেখিত গম ও ভুট্টা চাষের ঋণ নিয়মাচার অনুযায়ী ব্যাংক কর্তৃক কৃষকদের অনুকূলে ঋণ বিতরণ করতে হবে;

ঙ) গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ঋণ মঞ্জুর করার ক্ষেত্রে শস্য ঋণের জন্য নির্ধারিত ফরমের পাশাপাশি অত্র সার্কুলারের সাথে সংযুক্ত-'ক ' মঞ্জুরি পত্র আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে;

চ) ২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা'র ৬.১৯.৬ অনুচ্ছেদে সংজ্ঞায়িত ভূমিহীন কৃষক (যাদের জমির পরিমাণ ০.৪৯৪ একরের কম), ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক (যাদের জমির পরিমাণ ০.৪৯৪ একর থেকে ২.৪৭ একর) এবং বর্গাচাষিদেরকে এ স্কিমের আওতায় এককভাবে জামানত বিহীন (শুধুমাত্র ফসল দায়বদ্ধনের বিপরীতে) সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে;

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

ছ) (ঘ) ক্রমিক নং এ বর্ণিত কৃষক ব্যতিত অন্যান্য কৃষকের ক্ষেত্রে প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণের পরিমাণ নির্ধারণপূর্বক এ স্কিমের আওতায় বিতরণ করতে পারবে;

জ) এ স্কিমের আওতায় গৃহীত ঋণ দ্বারা কোনভাবেই পুরাতন ঋণ সমন্বয় করা যাবে না;

ঝ) সিআইবি রিপোর্ট অনুযায়ী কোন কৃষক/গ্রাহক খেলাপি হিসেবে চিহ্নিত হলে এ স্কিমের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবে না;

ঞ) এ সার্কুলারের আওতায় চলতি মূলধন আকারে কোন ঋণ বিতরণ করা যাবে না। কেন্দ্রীয় হিসাব বিভাগের পত্র নং ২২৬ তারিখ:২১/০৯/২০২২ (কপি সংযুক্ত) মোতাবেক গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধি ও পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় বিতরণকৃত সকল ঋণ ১০১/৩৩ (সিবিএস কোড ১১৩৩) খাতে ঋণ হিসাব খুলতে হবে;

ট) এ সার্কুলারের আওতায় বিতরণকৃত ঋণের মেয়াদ মঞ্জুরি পত্রে, ঋণ হিসাব বিবরণীতে এবং পুনঃঅর্থায়ন প্রতিবেদনে একই হতে হবে;

ঠ) এসিডি-০৫ এর আওতায় বিতরণকৃত ঋণের জন্য শাখায় আলাদা রেজিষ্টার ব্যবহার করতে হবে এবং মাস শেষে যোগফলের সাথে দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সমান হতে হবে;

ড) এসিডি-০৫ এর আওতায় বিতরণকৃত ঋণের দাবীকৃত পুনঃঅর্থায়নের যোগফলের সাথে Web Portal এর যোগফল সমান হতে হবে। Web Portal এ খাত ভিত্তিক ঋণ বিতরণের তথ্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে Web Portal এর খাত ভিত্তিক তথ্যই চূড়ান্ত বলে গণ্য করা হবে। মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন দাবী সংক্রান্ত প্রতিবেদন বাংলাদেশ ব্যাংক এর কৃষি ঋণ বিভাগে প্রেরণ করা হবে;

ঢ) এ সার্কুলারের আওতায় ঋণ বিতরণ না করে/অন্য খাতে ঋণ বিতরণ করে/ঋণ আবেদন গ্রহণপূর্বক পুনঃঅর্থায়নের জন্য যাবে না;

ণ) পুনঃঅর্থায়ন দাবীর সাথে বিবেচ্য ঋণসমূহের বিপরীতে অন্য কোন স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন দাবী করা হয়নি মর্মে একটি প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

ত) নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ বিতরণ করে মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য মাসিক ভিত্তিতে (বিতরণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে) নির্ধারিত ছকে একীভূত বিবরণী সংযুক্ত ছক -১ মোতাবেক ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। কোন কারণে পুনঃঅর্থায়নের জন্য দাবী করা না হলে পরবর্তীতে তা দাবী করা যাবে না এবং এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং- ৫৭৪(১২৫০) তারিখ ৩০/০৮/২০২২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের খাত ভিত্তিক তথ্য দৈনিক ভিত্তিতে Web Portal এ এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
22/10/2022
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

সংযুক্তি - বর্ণনা মোতাবেক

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২২-২০২৩/৯৮৫ (১২৫০)   তারিখঃ ১২/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

12/10/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

.... শাখা

--------- অঞ্চল।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকৃত ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ ইং মোতাবেক ১০০০.০০ কোটি টাকা পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুকূলে বরাদ্দকৃত ১০০.০০ কোটি টাকার বিপরীতে ..../২০২...মাসে ৪% সুদে বিতরণকৃত ...... টি ঋণের পুনঃঅর্থায়ন বাবদ ..../- (...........................) টাকা মাত্র বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংক এর মধ্যে ২৫/০৯/২০২২ তারিখে সম্পাদিত Participation Agreement এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং ০৫ তারিখ ২৫/০৮/২০২২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে প্রকৃত ঋণ গ্রহীতাদেরই এ ঋণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ... টি ঋণ হিসাবের বিপরীতে বিতরণকৃত সর্বমোট টাঃ......... /- (টাকা ....)মাত্র ইতঃপূর্বে অন্য কোন প্রণোদনা প্যাকেজের আওতায় পুনঃ অর্থায়ন গ্রহণ বা দাবী করা হয়নি।

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

সংযুক্তি-'ক'

মঞ্জুরিপত্র (শাখা হতে ঋণ গ্রহিতা)

সুত্র নং ...

তারিখঃ ......

প্রাপক..................

....

....

নমুনা কপি

বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫ এর আওতায় মঞ্জুরিকৃত ঋণ।

বিষয় ঃ দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ ইং মোতাবেক ....অনুকূলে গম / ভুট্টা উৎপাদন খাতে মঞ্জুরকৃত -------টাকা ঋণ প্রথম বিতরণের তারিখ হতে ৬(ছয়) মাস/ ৮(আট)মাস(গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গ।

প্রিয়মহোদয়,

আপনার -----------তারিখের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫ তাং-২৫/০৮/২০২২ মোতাবেক কোভিড-১৯ প্রার্দুভাবের কারনে ক্ষতিগ্রস্থ হওয়ায় ব্যক্তি/ প্রতিষ্ঠানের অনুকূলে এসিডি-০৫'র আওতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রথম বিতরণের তারিখ হতে ৬(ছয়) মাস/ ৮(আট)মাস(গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে -------- লক্ষ টাকা বিশেষ ঋণ সুবিধা মঞ্জুর করা হয়েছে ঃ

১।	সুযোগ সুবিধার ধরণ	ঃ	দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ ইং মোতাবেক প্রণোদনা প্যাকেজের আওতায় মঞ্জুরিকৃত ঋণ।
২।	মঞ্জুরীর বিভাজন	ঃ	দায়-বন্ধকিতে ----------- লক্ষ টাকা।
৩।	মোট টাকা	ঃ	দেশীয় মুদ্রায় ------------- লক্ষ টাকা।
৪।	ঋণ মার্জিন অনুপাত	ঃ	------ ঃ ---------- ।
৫।	সংগ্রহপদ্ধতি		
৬।	উদ্দেশ্য		গম ও ভুট্টা উৎপাদন কার্যক্রম পরিচালনা করার জন্য।
৭।	জামানত/ সহায়তজামানত		এল,এফ-৫ মোতাবেক প্রচলিত নিয়ম অনুযায়ী প্রস্তাবিত জামানতি সম্পত্তি ব্যাংকে বন্ধক থাকবে।
৮।	জামানত / সহায়ক জামানতের উপর চাজ	ঃ	ব্যাংকের প্রচলিত নিয়মে প্রথম চার্জ সৃষ্টি করতে হবে।
৯।	দলিল সম্পাদন	ঃ	সংযুক্তি 'খ' মোতাবেক।
১০।	সুদের হার	ঃ	এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৪.০০%।
১১।	পরিশোধ পদ্ধতি	ঃ	সুদসহ মেয়াদান্তে আদায়যোগ্য, যা নবায়নযোগ্য নয়।
১২।	বিতরণ পদ্ধতি	ঃ	এক কিস্তিতে বিতরণ করা যেতে পারে।
১৩।	হিসাবায়ন পদ্ধতি	ঃ	১০১/৩৩ (কম্পিউটার সিবিএস কোড-১১৩৩) খাতে হিসাবভূক্ত করতে হবে।
১৪।	বীমা	ঃ	ব্যাংকের প্রচলিত নিয়মে করিতে হইবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
১৫।	ঋণ তত্ত্বধান/পরিধারণ	ঃ	ব্যাংকের প্রচলিত নিয়মে।
১৬।	ঋণ পরিশোধ	ঃ	প্রথম বিতরণের তারিখ হতে ৬(ছয়) মাস/০৮(আট)মাস(গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়)
১৭।	অন্যান্য শর্তাবলী	ঃ	সংযুক্তি 'খ' মোতাবেক।

উপরোক্ত শর্তসমূহ ব্যতিরেকে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময়ে আরো নূতন শর্ত আরোপ করার ক্ষমতা রাখে বা মঞ্জুরিকৃত ঋণ প্রদান বন্ধ/বাতিল করার বা ঋণের সমুদয় টাকা ফেরত চাওয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষন করে।

যদি উপরোক্ত শর্তাবলী গ্রহনযোগ্য হয় তাহা হইলে অত্র মঞ্জুরিপত্রের একটি অনুলিপি "গৃহীত এবং স্থিরীকৃত"বলিয়া স্বাক্ষর দান পূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট................তারিখের মধ্যে ফেরত পাঠাইতে হইবে।

"গৃহীত এবং স্থিরীকৃত"

স্বাক্ষরঃ ০১।

আপনার বিশ্বস্ত

ব্যবস্থাপক

সংযুক্তি-'খ'

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------শাখা।

--------- অঞ্চল।

বিষয় ঃ দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ ইং মোতাবেক ....অনুকূলে গম ও ভুট্টা উৎপাদন খাতে মঞ্জুরকৃত ---- টাকা ঋণ প্রথম বিতরণের তারিখ হতে ৬(ছয়) মাস/ ৮(আট)মাস(গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদে মঞ্জুরি প্রসঙ্গ।

প্রণোদনার আওতায় মঞ্জুরিকৃত ঋণের বিশেষ শর্তাবলি ঃ(প্রযোজ্য ক্ষেত্রে)

(ক) ব্যাক্তি/প্রতিষ্ঠানের নাম ও অবস্থান ঃ

(খ) জামানত/সহযোগী জামানত ঃ

(১) প্লেজ/হাইপোথিকেশন;

(২) বন্ধকী দলিল (এল,এফ-১৩) শাখার পূর্বানুমান প্রতিবেদন (এল,এফ-৫) অনুযায়ী প্রস্তাবিত জামানতী সম্পত্তি যথানিয়মে বন্ধক থাকবে। তাছাড়া প্রকল্প/প্রতিষ্ঠানের সকল স্থাপনা ও যন্ত্রপাতি, বর্তমান ও ভবিষ্যৎ সম্পদাদি ইত্যাদি বন্ধক থাকবে;

(৩) হলফনামা (এল,এফ-৯);

(৪) পাওয়ার অব এটর্নী, বন্ধককৃত সম্পত্তি সরাসরি নিলামে বিক্রির জন্য আইন বিভাগ কর্তৃক জারীকৃত ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং- ০৯/২০০৫, তারিখ ২০/১১/২০০৫ অনুযায়ী;

(৫) স্বত্ব দলিলাদি জমা দেয়ার স্মারকলিপি (এল,এফ-১৯) পৌর এলাকার জমি বন্ধক নেয়া হলে;

(৬) স্বত্বাধিকারীর প্রতিষ্ঠা সংক্রান্ত অবহিতকরনপত্র (এল,এফ-৪৪);

(৭) আইন বিভাগের পত্র নং-প্রকা/আইন-১০৫৯/০৫-০৬/৪৫৮(১২৫০), তারিখ ১৩/০৯/২০০৫ অনুযায়ী বন্ধকী সম্পত্তির ২৫ বছরের মালিকানা লিপিবদ্ধকরন ও দলিলায়ন সম্পাদন করতে হবে।

(গ) দলিলপত্র সম্পাদন (Documentation) (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

(১) ডি পি নোট একক ও যৌথভাবে;

(২) লেটার অব কনটিনিউটি (এলএফ-৬০ই);

(৩) রিভাইভাল লেটার (এলএফ-৬০জি);

(৪) সকল পরিচালকদের/উদ্যোক্তাদের নিকট হতে ব্যক্তিগত গ্যারান্টি একক ও যৌথ নামে (এলএফ-৬০আই);

(৫) পরিচালকদের/উদ্যোক্তাদের সম্পদ ও দায়ের ঘোষনা (পৃথক পৃথক ভাবে);

(৬) ঋণ হিসাবের স্থিতি নিশ্চয়নপত্র;

(৭) দলিল সম্পাদনের ২১ (একুশ) দিনের মধ্যে রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানিতে চার্জ সৃষ্টি করতে হবে (কোম্পানি/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৮) ব্যাংকের সাথে দলিলাদি সম্পাদন ও ঋণ গ্রহনের জন্য রেজুলেশন (কোম্পানী/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য);

(৯) এগ্রিমেট ফর ক্যাশ ক্রেডিট

ক) মালামাল হাইপোথিকেশন (এলএফ-৬০বি/এলএফ-৬০সি);

খ) হাইপোথিকেশন অব ডেট্স এন্ড এ্যাসেট্স (এলএফ-৬০ডি);

(১০) অন্য কোথাও বন্ধক/চার্জ সৃষ্টি করবেন না মর্মে কোম্পানী/উদ্যোক্তা থেকে অংগীকারনামা;

(১১) ষ্টক থেকে মালামাল চুরি, ঘাটতি হলে তার দায়-দায়িত্ব উদ্যোক্তার/কোম্পানীর উপর বর্তাবে মর্মে ঘোষনা;

(১২) ব্যাংক কর্তৃক ব্যবসায়ের ব্যবস্থাপনা, স্থায়ী সম্পদ বিক্রি অথবা উপ-বন্ধক প্রদান করতে পারার বিষয়ে ঋণগ্রহীতার ক্ষমতা অর্পন পত্র;

(১৩) লেটার অব ডিসক্লেইমার (এলএফ-৬০এফ) গোডাউন ভাড়ার ক্ষেত্রে;

(১৪) গুদামের ব্যবহারিক দখলীস্বত্ব উদ্যোক্তা কর্তৃক ব্যাংকের বরাবরে হস্তান্তরের ক্ষমতাদান (প্রযোজ্য ক্ষেত্রে);

(১৫) রেজিস্টার্ড পার্টনারশীপ দলিল (অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে);

(১৬) সম্মতিপত্র (Letter of Acceptance);

(১৭) অন্যান্য প্রযোজ্য দলিলাদি।

(ঘ) অপারেশন পরিপত্র নং- ১২১/৯৩, তারিখ ০৫/১২/৯৩ মোতাবেক 'টাস্ক ফোর্স' কর্তৃক ঋণটি তদারকী করতে হবে এবং ভবিষ্যতে ঋণ প্রস্তাবের সাথে অবশ্যই টাস্কফোর্স প্রতিবেদন পাঠাতে হবে।

(ঙ) পরিদর্শন ঃ হাইপোথিকেটেড পন্য নিয়মিতভাবে যাচাই করতে হবে এবং অপারেশন পরিপত্র নং-৪/৯৪, তারিখ ০৯/০১/৯৪ ও ৫/৯৫, তারিখ ১৫/০১/৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে।

(চ) অন্যান্য শর্তাবলি ঃ (প্রযোজ্য ক্ষেত্রে)

(১) এ ঋণের সুদের হার হবে বার্ষিক সর্বোচ্চ ৪.০০%। ঋণ হিসাবটি মঞ্জুরিপত্রের শর্তানুযায়ী পরিচালিত না হলে বার্ষিক ৮.০০% সুদে আরোপযোগ্য সমুদয় সুদের টাকা ঋণগ্রহিতার নিকট হতে আদায় করতে হবে এবং সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত সুদের হার এই ঋণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

(২) ঋণের মেয়াদ ১ম উত্তোলনের তারিখ হতে ৬(ছয়) মাস/ ৮(আট) মাস(গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়) মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে যা মেয়াদান্তে আদায়যোগ্য। আলাদা ঋণ হিসাব খুলে দলিলায়নের মাধ্যমে মঞ্জুরিকৃত ঋণ বিতরণ করতে হবে। ঋণটি মেয়াদপূর্তিতে সুদসহ পরিশোধযোগ্য, যা নবায়নযোগ্য নয়।

(৩) বিকেবি, প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এর হিসাব পরিপত্র নং-০৭/২০২০, তারিখ ০১/১০/২০২০ মোতাবেক ঋণটি খেলাপী হলে মোট খেলাপী ঋণের উপর অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে;

(৪) পূর্বানুমান প্রতিবেদন (এল.এফ-৫) মোতাবেক জামানতি সম্পত্তির স্বত্ব ও মূল্য নির্ধারণ নিশ্চিত হয়ে যথাযথভাবে বন্ধক গ্রহনপূর্বক মঞ্জুরীকৃত ঋণ বিতরণযোগ্য হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(৫) প্রতিষ্ঠান, সহযোগী প্রতিষ্ঠান এবং কোম্পানীর পরিচালকদের নামে হালনাগাদ ক্লিন সিআইবি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট/স্থানীয় ব্যাংক শাখাসমূহ হতে দায়-দেনার প্রত্যয়নপত্র গ্রহন সাপেক্ষে প্রতিষ্ঠান/সহযোগী প্রতিষ্ঠান/কোম্পানীর পরিচালকদের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে অনিয়মিত/শ্রেণীকৃত ঋণ নেই মর্মে নিশ্চিত হয়ে এ ঋণ বিতরণ করতে হবে;

(৬) প্রধান কার্যালয়ের আইন বিভাগের ০৩/০৯/২০১৪ তারিখের পত্র নং প্রকা/আইন-৭৯৫(অংশ-১)/২০১৪-১৫/১৪১(১১৫০) এর নির্দেশনা অনুসরণ পূর্বক বন্ধকী দলিল সম্পাদনের পূর্বে প্রস্তাবিত জামানতি সম্পত্তি সাব-রেজিস্ট্রি অফিস হতে তল্লাশি পূর্বক দায় মুক্তির সনদপত্র গ্রহণ করতে হবে এবং বন্ধকী জমির সীমানা চিহ্নিত কাগজপত্র নথিতে সংরক্ষন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(৭) প্রকল্প/প্রতিষ্ঠানের এবং বন্ধকী সম্পত্তির দৃশ্যমান স্থানে "বাংলাদেশ কৃষি ব্যাংক, ------------ শাখায় দায়বদ্ধ" মর্মে সাইনবোর্ড লাগাতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);

(০৮) প্রদানকৃত জামানত ও বন্ধকীতে প্রদত্ত পন্যের বাজার মূল্যের সাথে ১০% যোগ করে সকল প্রকার ঝুঁকির বিপরীতে ব্যাংক ও উদ্যোক্তার যৌথনামে ব্যাংক বিধি মোতাবেক উদ্যোক্তার খরচে কম্প্রিহেনসিভ বীমা করতে হবে। এক্ষেত্রে অপারেশন পরিপত্র ৮৪/৯৫ তারিখ ০৪/০৯/১৯৯৫ এর নির্দেশনা অনুসরন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

(০৯) এ ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২ এর নীতিমালা এবং পরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত নিয়মাচার যথারীতি প্রযোজ্য হবে;

(১০) এছাড়াও প্রযোজ্য অন্যান্য শর্তাবলী।

কর্মকর্তা ব্যবস্থাপক

পরিশিষ্ট -'চ'

ফসল উৎপাদনের পঞ্জিকা ও ঋণ পরিশোধ সূচিঃ ১৪২৯-১৪৩০ বাং/২০২২-২০২৩ ইং

ক্রঃ নং	ফসলের নাম	উৎপাদন মৌসুম		ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা
		ঋণ বিতরণ কাল	ফসল কর্তন/সংগ্রহ কাল	
১	২	৩	৪	৫
(ক) দানা শস্য ঃ				
১	আউশ (উফশী)	১৯ মাঘ-১৬ জ্যৈষ্ঠ ১ ফেব্রুয়ারী-৩১ মে	১৬ আষাঢ়-১৫ ভাদ্র ১ জুলাই-৩১ আগস্ট	১৭ পৌষ ৩১ ডিসেম্বর
২	আউশ (স্থানীয়)	১ ফাল্গুন-১৬ বৈশাখ ১ মার্চ-৩০ এপ্রিল	১৬ আষাঢ়-১৫ ভাদ্র ১ জুলাই-৩১ জুলাই	১৭ পৌষ ৩১ ডিসেম্বর
৩	রোপা আমন (উফশী)	১৭ জ্যৈষ্ঠ-১৪ আশ্বিন ১ জুন-৩০ সেপ্টেম্বর	১৬ কার্তিক-১৬ পৌষ ১ নভেম্বর-৩১ ডিসেম্বর	১৬ চৈত্র ৩১ মার্চ
৪	রোপা আমন (স্থানীয়)	১৭ জ্যৈষ্ঠ-১৪ আশ্বিন ১ জুন-৩০ সেপ্টেম্বর	১৬ কার্তিক-১৬ পৌষ ১ নভেম্বর-৩১ ডিসেম্বর	১৬ চৈত্র ৩১ মার্চ
৫	বোনা আমন (স্থানীয়)	১৭ ফাল্গুন-১৬ জ্যৈষ্ঠ ১ মার্চ-৩০ মে	১৬ কার্তিক-১৬ পৌষ ১ নভেম্বর-৩১ ডিসেম্বর	১৫ ফাল্গুন ২৮ ফেব্রুয়ারী
৬	বোরো (উফশী /হাইব্রিড)	১ কার্তিক-১ চৈত্র ১৫ অক্টোবর-১৫ মার্চ	১৭ বৈশাখ-১৫ আষাঢ় ১ মে-৩০ জুন	১৪ আশ্বিন ৩০ সেপ্টেম্বর
৭	বোরো (স্থানীয়)	১৬ আশ্বিন-১৭ চৈত্র ১ অক্টোবর-৩১ মার্চ	১৮ চৈত্র-১৫ আষাঢ় ১ এপ্রিল-৩০ জুন	১৪ আশ্বিন ৩০ সেপ্টেম্বর
৮	গম (সেচসহ)	১৭ কার্তিক-১ পৌষ ১ নভেম্বর-১৫ ডিসেম্বর	১৮ মাঘ-১৭ ফাল্গুন ৩১ জানুয়ারী-১ মার্চ	১৫ আষাঢ় ৩০ জুন
৯	কাউন	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১০	জোয়ার (সরগম)	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১১	বাজরা (পালমিলেট)	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১২	বার্লি যব	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১৩	চিনা	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১৪	ভুট্টা (খরিপ)	১৭ ফাল্গুন-১৬ বৈশাখ ১ মার্চ-৩০ এপ্রিল	১৭ জ্যৈষ্ঠ-১৫ শ্রাবণ ১ জুন-৩১ জুলাই	১৬ পৌষ ৩১ আগস্ট
১৫	ভুট্টা (রবি)	১৬ আশ্বিন-৩০ কার্তিক ১ অক্টোবর-১৪ নভেম্বর	২ ফাল্গুন-৩০ চৈত্র ১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ ১৫ জুন
১৬	সুইট কর্ণ	১৫ নভেম্বর-১৪ ডিসেম্বর	১৪ এপ্রিল-১৪ মে	ফসল সংগ্রহের পর থেকেই
১৭	চিয়া বীজ	১৫ অক্টোবর-১৫ ডিসেম্বর	১৪ জানুয়ারী-১৪ মার্চ	ফসল সংগ্রহের পর থেকেই
(খ) অর্থকরী ফসল ঃ				
১৮	পাট	৩ ফাল্গুন-১৬ বৈশাখ ১৫ ফেব্রুয়ারী-৩০ এপ্রিল	৩১ জ্যৈষ্ঠ-৩০ ভাদ্র ১৫ জুন-১৫ সেপ্টেম্বর	৩০ কার্তিক ১৫ নভেম্বর
১৯	শন পাট	৩ ফাল্গুন-১ চৈত্র ১৫ ফেব্রুয়ারী-১৫ মার্চ	৩১ জ্যৈষ্ঠ-৩০ ভাদ্র ১৫ জুন-১৫ সেপ্টেম্বর	৩০ কার্তিক ১৫ নভেম্বর
২০	আখ	১৬ আশ্বিন-১৭ চৈত্র ১ অক্টোবর-৩১ মার্চ	১৬ কার্তিক-১৫ ফাল্গুন ১ নভেম্বর-২৮ ফেব্রুয়ারী	১৬ চৈত্র ৩১ মার্চ (পরের বছর)
২১	পান	সারা বছর	সারা বছর	ফসল সংগ্রহ শুরু থেকে পরবর্তী ৬ মাস
২২	আমেরিকান জাতের তুলা (ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগ)	১৭ আষাঢ়-১৫ আশ্বিন ১ জুলাই-৩০ সেপ্টেম্বর	১ পৌষ-১ চৈত্র ১৫ ডিসেম্বর-১৫ মার্চ	১৬ বৈশাখ ৩০ এপ্রিল
২৩	কুমিল্লা তুলা (বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা)	১৮ চৈত্র- ১৭ জ্যৈষ্ঠ ১ এপ্রিল-৩১ মে	১ অগ্রহায়ণ-১৭ পৌষ ১৫ নভেম্বর-৩১ ডিসেম্বর	১৭ চৈত্র ৩১ মার্চ

বিঃদ্রঃ অঞ্চলভেদে ফসল বপন/রোপনের আদর্শ সময়কালের তারতম্য ও প্রাকৃতিক দুর্যোগের কারণে ফসল বপন/রোপন বিলম্বিত হলে বা পুনঃরোপনের প্রয়োজন হলে তার জন্য যৌক্তিক সময় পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে।

ফসল উৎপাদনের ঋণ নিয়মাচার ঃ ১৪২৯-১৪৩০ বাং/২০২২-২০২৩ইং

ক্রমিক নং	ফসলের নাম	একর প্রতি উৎপাদনের খরচ (টাকায়)									একর প্রতি ঋণের পরিমাণ	৫ একর এর জন্য সর্বোচ্চ ঋণের পরিমাণ	০.৫০ বিঘার জন্য সর্বনিম্ন ঋণের পরিমাণ
		সুষম সার	বীজ	সেচ	মাচা/খুঁটি /বরজ	কীটনাশক	জমি তৈরী যান্ত্রিক/ হাল	শ্রম	মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া	মোট			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
দানা শস্য ঃ													
১	আউশ (উফশী)	৪৮০৫	৮০০	১৭০০	০	১০০০	৪৬০০	৩৬০০০	৭৫০০	৫৬৪০৫	৫৬৪০৫	২৮২০২৫	৯৪০০
২	আউশ (স্থানীয়)	২৮৬০	৬৫০	১০০০	০	৬০০	৪০০০	৩০০০০	৭৫০০	৪৬৬১০	৪৬৬১০	২৩৩০৫০	৭৭৬৮
৩	রোপা আমন (উফশী)	৫৭৪০	৮০০	১৬০০	০	১০০০	৪৫০০	৩৬০০০	৭৫০০	৫৭১৪০	৫৭১৪০	২৮৫৭০০	৯৫২৩
৪	রোপা আমন (স্থানীয়)	৩৪০০	৬৫০	০	০	১০০০	৪৫০০	৩০০০০	৭৫০০	৪৭০৫০	৪৭০৫০	২৩৫২৫০	৭৮৪২
৫	বোনা আমন (স্থানীয়)	১২৫০	৬০০	০	০	০	৪০০০	৩০০০০	৬০০০	৪১৮৫০	৪১৮৫০	২০৯২৫০	৬৯৭৫
৬	বোরো (হাইব্রিড)	৭৫২৫	১৪০০	৮০০০	০	১৫০০	৬০০০	৪৮০০০	৭৫০০	৭৯৯২৫	৭৯৯২৫	৩৯৯৬২৫	১৩৩২০
৭	বোরো (উফশী)	৬৫২৫	১০৫০	৮০০০	০	১৩০০	৬০০০	৪৮০০০	৭৫০০	৭৮৩৭৫	৭৮৩৭৫	৩৯১৮৭৫	১৩০৬৩
৮	বোরো (স্থানীয়)	৪৪৩০	৮০০	৫০০০	০	১০০০	৫০০০	৩৬০০০	৬৫০০	৫৮৭৩০	৫৮৭৩০	২৯৩৬৫০	৯৭৮৮
৯	গম (সেচসহ)	৫৫৮৫	৩২০০	৩০০০	০	১০০০	৪৫০০	৩০০০০	৭৫০০	৫৪৭৮৫	৫৪৭৮৫	২৭৩৯২৫	৯১৩০
১০	কাউন	২৩১৫	৬০০	১৫০০	০	১০০০	৩৬০০	১৫০০০	৬৫০০	৩০৫১৫	৩০৫১৫	১৫২৫৭৫	৫০৮৬
১১	জোয়ার (সরগম)	৪৭২২	৫৫০	১৫০০	০	৪০০	৩০০০	১৫০০০	৬০০০	৩১১৭২	৩১১৭২	১৫৫৮৬০	৫১৯৫
১২	বাজরা (পালমিলেট)	২৩১৫	৫৫০	১৫০০	০	৪০০	৩০০০	১৫০০০	৬০০০	২৮৭৬৫	২৮৭৬৫	১৪৩৮২৫	৪৭৯৪
১৩	বার্লি বা যব	২৩৫৪	৫৫০	১৫০০	০	৫০০	৩০০০	১৫০০০	৬০০০	২৮৯০৪	২৮৯০৪	১৪৪৫২০	৪৮১৭
১৪	চিনা	২২৬৪	৪৫০	১৫০০	০	৫০০	৩০০০	১৫০০০	৬০০০	২৮৭১৪	২৮৭১৪	১৪৩৫৭০	৪৭৮৬
১৫	হাইব্রীড ভুট্টা (খরিপ)	৮৬৫০	২৬০০	১৫০০	০	৮০০	৩৬০০	২১০০০	৭৫০০	৪৫৬৫০	৪৫৬৫০	২২৮২৫০	৭৬০৮
১৬	হাইব্রীড ভুট্টা (রবি)	৮৬৫০	২৬০০	২০০০	০	৮০০	৩৬০০	২১০০০	৭৫০০	৪৬১৫০	৪৬১৫০	২৩০৭৫০	৭৬৯১
১৭	সুইট কর্ন	১০০০০	৯০০০	৯০০০	০	৫০০০	৬০০০	১২০০০	১৫০০০	৬৬০০০	৬৬০০০	৩৩০০০০	১১০০০
১৮	চিয়া বীজ	৬৪০০	২৫০	১৫০০	০	১০০০	১০০০	২১০০০	১৪০০০	৪৫১৫০	৪৫১৫০	২২৫৭৫০	৭৫২৫
অর্থকরী ফসল													
১৯	পাট	৩১২০	৩৫০	০	০	১০০০	৪৬০০	৩০০০০	৭৫০০	৪৬৫৭০	৪৬৫৭০	২৩২৮৫০	৭৭৬২
২০	শন পাট	২১২৬	৩৫০	০	০	৮০০	৩৬০০	১৫০০০	৭০০০	২৮৮৭৬	২৮৮৭৬	১৪৪৩৮০	৪৮১৩

বিঃ দ্রঃ একজন কৃষক কৃষির অপর কোন খাতে ঋণ গ্রহণ করে খেলাপি না হলে একই কৃষককে রেয়াতি ৪% সুদ হারে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল এবং ভুট্টা চাষ খাতে ঋণ দেওয়া যাবে।

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

বিষয় ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১০০০(এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম এর আওতায় স্বল্পমেয়াদী ঋণ হিসাব খাত খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের ০১.০৯.২০২২ তারিখের অভ্যন্তরীণ পত্র নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-০১/৭(৩৫)/২০২২-২৩/৬৪০(২) এর প্রস্তাবানুযায়ী শাখাসমূহের জন্য নিম্নোক্ত ০১টি ঋণ হিসাব উপখাত, ০১টি প্রভিশন উপখাত ও ০১টি আয় উপখাত খোলা হলোঃ

ক্রঃ	বরাদ্দকৃত উপখাতের শিরোনাম	খাত	
		মূল খাত	বরাদ্দকৃত উপখাত
০১	গম ও ভুট্টা খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় স্বল্পমেয়াদী ঋণ	১০১	১০১/৩৩
০২	গম ও ভুট্টা খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় স্বল্পমেয়াদী ঋণের সুদ প্রভিশন	১৩১	১৩১/১৯২
০৩	গম ও ভুট্টা খাতে পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় স্বল্পমেয়াদী ঋণের সুদ আয়	৪৬	৪৬/১৩৯

অনুমোদনক্রমে,

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

উপমহাব্যবস্থাপক
ক্রেডিট বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

অভ্যঃ পত্র নং-প্রকা/ হিসাব (শাখা-১)/১(২৪)/২০২২-২০২৩/ 226

তারিখঃ ২১/০৯/২০২২

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

সংযুক্ত ছক-১

ছক-১ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০.০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম
এর আওতায় পুনঃঅর্থায়ন দাবী সংক্রান্ত বিবরণী (মাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ
মাসের নামঃ
অর্থবছরঃ

(কোটি টাকায়)

শাখার নাম	কৃষকের নাম এবং মোবাইল নম্বর	বিতরণকৃত ঋণের পরিমাণ	চাষকৃত ফসল	কৃষক পর্যায়ে সুদ/মুনাফা হার	ঋণ বিতরণের তারিখ	ঋণের মেয়াদ	বিতরণকৃত ঋণের বিপরীতে দাবীকৃত পুনঃঅর্থায়নের পরিমাণ
	সর্বমোট						

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd